

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৩/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২১ নভেম্বর, মঙ্গলবার ২০২৩, ০৬ অগ্রহায়ন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। পর্যটনে বাংলাদেশ-নেপাল-মালদ্বীপের মধ্যে সহযোগিতার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর
- ০২। ময়মনসিংহ বিভাগীয় পরিবার পরিকল্পনা কমিটির সভা অনুষ্ঠিত
- ০৩। নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষায় বিভিন্ন বাহিনীর সাড়ে ০৭ লাখ সদস্য
- ০৪। নেত্রকোনার দুর্গাপুরে গৃহবধুকে স্বাসরোধে হত্যা, থানায় মামলা

০১। পর্যটনে বাংলাদেশ-নেপাল-মালদ্বীপের মধ্যে সহযোগিতার ওপর গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

পারস্পরিক স্বার্থে পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে বাংলাদেশ, নেপাল এবং মালদ্বীপের মধ্যে সহযোগিতা গড়ে তোলার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, বাংলাদেশ, নেপাল ও মালদ্বীপ পারস্পরিক স্বার্থে পর্যটনে সহযোগিতা গড়ে তুলতে পারে। সোমবার (২০ নভেম্বর) গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে মালদ্বীপের বিদায়ী হাইকমিশনার শিরুজি সমীর বিদায়ী সাক্ষাতের সময় প্রধানমন্ত্রী এ মন্তব্য করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০২। ময়মনসিংহ বিভাগীয় পরিবার পরিকল্পনা কমিটির সভা অনুষ্ঠিত

সোমবার (২০ নভেম্বর) সকালে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে বিভাগীয় পরিবার পরিকল্পনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া। বিভাগীয় কমিশনার পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে দেশের ৮টি বিভাগের মধ্যে ময়মনসিংহ বিভাগের অবস্থানকে এগিয়ে আনতে কাজ করতে হবে বলে নির্দেশনা প্রদান করেন। সবাই জানানো হয় পরিবার পরিকল্পনায় অস্থায়ী তিনটি পদ্ধতির (বড়ি, কনডম ও ইনজেকশন) ব্যবহার বেশি। তবে এক্ষেত্রে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি গ্রহণে অধিক গুরুত্ব দেয়া হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষায় বিভিন্ন বাহিনীর সাড়ে ০৭ লাখ সদস্য

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত আইনশৃঙ্খলা বাহিনীর সাড়ে ০৭ লাখ সদস্য নিয়োজিত করা হবে। সোমবার (২০ নভেম্বর) নির্বাচন ভবনে সাংবাদিকদের এ তথ্য জানান নির্বাচন কমিশনের (ইসি) অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ। তিনি বলেন, আনসারের ০৫ লাখ ১৬ হাজার সদস্য, কোস্টগার্ডের ০২ হাজার ৩৫০ জন, বিজিবির ৪৬ হাজার ৮৭৬ জন, পুলিশের (র‍্যাবসহ) ০১ লাখ ৮২ হাজার ৯১ জন থাকবেন। অর্থাৎ ০৭ লাখ ৪৭ হাজার ৩২২ জন সদস্য ভোটের নিরাপত্তায় নিয়োজিত থাকবেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৪। নেত্রকোনার দুর্গাপুরে গৃহবধুকে শ্বাসরোধে হত্যা, থানায় মামলা

নেত্রকোনার দুর্গাপুরে সানজিদা আক্তার (১৭) নামের এক গৃহবধুর মৃত্যুর ঘটনায় স্বামী আলামিন আকন্দ (৩৫) এর বিরুদ্ধে মামলা হয়েছে। শ্বাসরোধ করে হত্যার অভিযোগ এনে রবিবার (১৯ নভেম্বর) রাতে গৃহবধুর মা জাহানারা বেগম বাদী হয়ে দুর্গাপুর থানায় একটি মামলা দায়ের করেন। রবিবার দুপুরে পৌর শহরের সাধুপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** ব্যাপক সম্ভাবনা থাকা সত্ত্বেও দেশে পর্যটন শিল্পের যথাযথ বিকাশ ঘটেনি। সম্প্রতি দেশের রাজনৈতিক অস্থিরতার কারণে সারাদেশেই পর্যটন ব্যবসায় ধস নেমেছে। পর্যটন খাতের সুযোগ কাজে লাগিয়ে শ্রীলংকা ঘুরে দাঁড়াতে সক্ষম হয়েছে। এ উদাহরণ থেকে স্পষ্ট হয়, যথাযথ পদক্ষেপ নিলে অল্প সময়েই পর্যটন খাতে ঘুরে দাঁড়ানো সম্ভব। পর্যটন খাতে আমাদের সম্ভাবনাগুলো কাজে লাগানোর উদ্যোগ নিতে হবে।
- (খ) **দৈনিক নিউ টাইমস ও আজকের ময়মনসিংহ:** দেশে ডেঙ্গু এখন বলা যায় সারা বছরের রোগে পরিণত হয়েছে। শুরুতে রাজধানী ঢাকায় ডেঙ্গুর প্রকোপ দেখা গেলেও, সারাদেশেই এখন তা ছড়িয়ে পড়েছে। বর্তমানে সিংহভাগ রোগীই ঢাকার বাইরের। ডেঙ্গুর বাহক এডিস মশা নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে কর্তৃপক্ষ। মশা নিধনে যথাযথ ব্যবস্থা নিলে ডেঙ্গু নিয়ন্ত্রণ করা যায়, এমন নজির রয়েছে। বিশেষজ্ঞদের মতে, সঠিক সময় সঠিক ব্যবস্থা নিলে এ বছর ডেঙ্গু এতটা ভয়াবহ আকার ধারণ করত না। এডিস মশা নিয়ন্ত্রণে কর্তৃপক্ষের পাশাপাশি জনসচেতনতার বিষয়টিও অত্যন্ত জরুরি।
- (গ) **দৈনিক স্বজন:** দেশে চলমান রাজনৈতিক অচলাবস্থার কারণে শিক্ষার্থীদের পড়াশোনায় বেশ ঝুঁকি তৈরি হয়েছে। সরকার বিরোধী রাজনৈতিক জোটের টানা কর্মসূচিতে শিক্ষাজানে বাড়ছে অস্থিরতা। রাজনৈতিক মতবিরোধ, সমাবেশের অধিকার, এজেন্ডা বাস্তবায়নের কর্মসূচিতে শিক্ষার মতো মৌলিক অধিকারের বিষয়গুলো যাতে ক্ষতিগ্রস্ত না হয়- তা দেখার দায়িত্বও রাজনৈতিক দলগুলোর। করোনার পর শিক্ষার্থীদের শিক্ষা জীবনে যাতে নতুন কোনো অনিশ্চয়তা তৈরি না হয়, সে ব্যাপারে সরকারি দল, বিরোধী দল সব পক্ষকেই দায়িত্বশীল আচরণ করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। স্বাস্থ্যসম্মত জীবনযাপনে চাই ভালো টয়লেট- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)
- ০২। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ও প্রাসঙ্গিক ভাবনা- ড. মো. সেকেন্দার আলী (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। পর্যটন খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে দোহাজারী-কক্সবাজার রেলপথ- মো. খসরু চৌধুরী (দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)

#